রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি-১ অধিশাখা**

**পরিপত্র**

তারিখ : ২৩ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/০৬ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : **অবসরগামী সরকারি কর্মচারীর কর্মস্থলের কোন মেয়াদের হিসাব নিরীক্ষা সম্পন্ন না হওয়ায় পেনশন মঞ্জুরিতে বিলম্বকরণ।**

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৪-০১—বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএন্ডএজি) এর কার্যালয় হতে ১৭-১২-২০১৮ খ্রি: তারিখের সিএজি/রি-২/২০১৫/বিবিধ/২৪৩/৯৫৮ সংখ্যক পত্রে অবসরগামী সরকারি কর্মচারীর কোন কর্মস্থলের কর্মকালীন কোন মেয়াদের হিসাব অনিরীক্ষিত থাকার কারণে তার পেনশন মঞ্জুরিতে যেন বিলম্ব না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। কোন কোন পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষ অধীনস্থ কর্মচারীর কর্মকালীন হিসাব নিরীক্ষা সম্পন্ন না হওয়ায় পেনশন মঞ্জুরি প্রদানে অহেতুক বিলম্ব করে থাকে যা কোনভাবেই কাম্য নয়।

০৩। পেনশন মঞ্জুরি বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি ২৪২-৫০৫ ও বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ আদেশ, ২০০৯ দ্বারা নিয়ন্ত্রিত। এ সকল বিধি-বিধান বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, পেনশন মঞ্জুরির ক্ষেত্রে কর্মচারীর চাকরির কর্মকালীন কোন মেয়াদের হিসাব অনিরীক্ষিত থাকলে মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক পেনশন মঞ্জুরি না করা অথবা পেনশন মঞ্জুরিতে বিলম্ব/অপেক্ষা করার কোন বিধিগত ভিত্তি নেই।


মূল্য : টাকা ৪.০০

০৪। এমতাবস্থায় অবসরগামী কর্মচারীর কর্মকালীন কোন মেয়াদের হিসাব নিরীক্ষা সম্পন্ন না হওয়ার কারণে পেনশন মঞ্জুরি না করা অথবা পেনশন মঞ্জুরিতে বিলম্ব/অপেক্ষা করার মত অনভিপ্রেত ও বিধিবহির্ভূত প্রবনতা থেকে বিরত থাকার জন্য পেনশন মঞ্জুরকারী সকল কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**ড. মোঃ নজরুল ইসলাম**
যুগ্মসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd